FEB. 20 2001
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারী শিক্ষকদের দশ ভাগ বর্ধিত বেতন প্রদানের দাবি

**স্টাফ রিপোর্টার** ॥ বাংলাদেশ শিক্ষক সংগ্রাম সমন্বয় কমিটি গত বছরের জুলাই থেকে বকেয়াসহ বেসরকারী স্কুল-কলেজের শিক্ষকদের শতকরা ১০ ভাগ বর্ধিত বেতন প্রদানের দাবি জানিয়েছে। সমন্বয় কমিটির এক সভায় রবিবার এই দাবি জানানো হয়। সভায় শিক্ষক কল্যাণ ট্রাস্টের ট্রাস্টী বোর্ডের নতুন কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করার জন্য সরকারের প্রতি আহ্বান জানানো হয়েছে। সভায় সভাপতিত্ব করেন অধ্যক্ষ কামরুজ্জামান। বক্তব্য রাখেন ডঃ ম. আখতারুজ্জামান, অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, মোঃ আজিজুল ইসলাম, হেনা দাস, চৌধুরী খুরশিদ আলম প্রমুখ।

এদিকে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃবৃন্দ এক বিবৃতিতে ফেব্রুয়ারি মাসের মধ্যেই বেসরকারী শিক্ষক কর্মচারীদের বেতনের সরকারী অংশ প্রদানে ব্যাংকগুলোকে জরুরী নির্দেশ দেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান